

শুভার্থ

প্রিন্ট: ৩১ আগস্ট ২০২৫, ১১:০৮ এএম


শিক্ষাঙ্গন

কৃষিবিদদের এগ্রি রুকেড ঘোষণা



শেকুবি প্রতিনিধি

প্রকাশ: ৩১ আগস্ট ২০২৫, ১১:০৬ এএম



কৃষিবিদ এক্য পরিষদ

সংগৃহীত ছবি

ডিপ্লোমাধারীদের অযৌক্তিক দাবির বিরুদ্ধে ও কৃষিবিদ এক্য পরিষদ কর্তৃক ঘোষিত তিন দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে সারাদেশে এগ্রি ইলেক্টেড ঘোষণা করেছে কৃষিবিদ এক্য পরিষদ।

শনিবার (৩০ আগস্ট) রাতে কৃষিবিদ এক্য পরিষদের ফেসবুক গ্রপে এই কর্মসূচি ঘোষণা করা হয়।

জানা যায়, রোববার (৩১ আগস্ট) সারাদেশে বিভিন্ন সময় দেশের বিভিন্ন স্থানে এই ইলেক্টেড কর্মসূচি পালিত হবে। এদিন বিকেল ৪টায় আগারগাঁওয়ে এগ্রি ইলেক্টেড কর্মসূচি পালন করবেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সকাল ১০টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা, বিকেল ৪টায় হাজি দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গেটে হাবিপ্রবির শিক্ষার্থীরা, ১১টা ৩০ মিনিটে ঢাকা-পটুয়াখালী মহাসড়কে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা, জুলাই-৩৬ গেটের সামনে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই কর্মসূচি পালন করবেন।

এছাড়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল কৃষি বিশ্ববিদ্যালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের শিক্ষার্থীরা এই কর্মসূচি পালন করবেন বলে জানা যায়।

এ বিষয়ে কৃষিবিদ এক্য পরিষদের অন্যতম সংগঠক ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইমরান হোসেন বলেন, দীর্ঘদিন ধরে কৃষিবিদরা তাদের যৌক্তিক দাবিগুলো জানিয়ে আসছেন। আমরা শান্তিপূর্ণভাবে সরকার ও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে একটা নিরপেক্ষ সমাধান আশা করেছিলাম। কিন্তু আমাদের নীরবতা ও শান্তিপূর্ণ আন্দোলনকে তারা দুর্বলতা ভেবে ভুল করেছে।

তিনি জানান, দেশব্যাপী আজ এগ্রি ইলেক্টেড কর্মসূচি আয়োজিত হবে। দাবিদাওয়া মেনে নেওয়া না হলে সামনে আরও কঠোর কর্মসূচি আসবে বলে ঝঁশিয়ারি দিয়েছে কৃষিবিদ এক্য পরিষদ।